

শোক প্রস্তাব



ভারতরত্ন লতা মঙ্গেশকরের প্রয়াণে আমরা গভীরভাবে শোকাহত। তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আমরা মেমারি কলেজের অধ্যাপক অধ্যাপিকাবৃন্দ, শিক্ষাকর্মীবৃন্দ তথা ছাত্রছাত্রীরা শ্রদ্ধাবনত সমবেদনা জ্ঞাপন করছি। সমবেদনা জ্ঞাপন করছি।

"পাখিও যাবে চলে,
না থাকাদের দলে।
বসন্তের আগেই থামলো কোকিল কণ্ঠ।"

সাধারণত শিল্প-সাহিত্য-সংস্কৃতি-রাজনীতি-ক্রীড়ার জগতে গুরুত্বপূর্ণ কেউ প্রয়াত হলে বিষয়টিকে ১০০ বারের মধ্যে ৯৯ বারই 'একটি যুগের অবসান' বলে চিহ্নিত করা হয়ে থাকে। প্রয়াতকে বিরল বিপুল সম্মান জানানোর জন্যই এটি করা হয়। কিন্তু লতা মঙ্গেশকরের ক্ষেত্রে সম্ভবত এই বহু ব্যবহৃত উক্তিটি খাটে না। কেননা লতার মৃত্যুতে তো একটি নয়, ভারতীয় সংস্কৃতিজগতের একাধিক যুগের অবসান ঘটল। ভারতীয় লঘুসঙ্গীতের জগতে বোধ হয় ভেঙে পড়ল গোটা গানের ঘরটিই। সলিল চৌধুরী একবার লতা মঙ্গেশকরের গান শুনে বলেছিলেন- "ঈশ্বর গান গাইলে বোধহয় এরকমই হতো তাঁর গলা!"


৯২ বছর বয়সে না-
কোকিলকণ্ঠী। রবিবার সকাল
লতা মঙ্গেশকর। মঙ্গেশকরের
করা হয়েছে। জাতীয় পতাকা
মুম্বইয়ের শিবাজি পার্কে পূর্ণ
শেষকৃত্য। লতার প্রয়াণে সোমবার
পশ্চিমবঙ্গ সরকারও। গুরুটা
গেয়ে, তারপরের ইতিহাস
একে ৩৬ টি আঞ্চলিক ও বিদেশি
বেশি গান। অসংখ্য গান
পেয়েছে। নিজ গুণে সংগীত
নক্ষত্র। ১৯৮৯ সালে ভারত সরকার তাঁকে দাদাসাহেব ফালকে পুরস্কারে ভূষিত করে। তাঁর অবদানের জন্য ২০০১
সালে লতা'কে ভারতের সর্বোচ্চ সম্মাননা ভারতরত্নে ভূষিত করা হয়; এম. এস. সুবুলক্ষ্মীর পর এই পদক পাওয়া
তিনিই দ্বিতীয় সঙ্গীতশিল্পী। ১৯৭৪ সালে তিনি প্রথম ভারতীয় হিসেবে রয়্যাল অ্যালবার্ট হলে সঙ্গীত পরিবেশন
করেন।



ফেরার দেশে চলে গেলেন 'ভারতের
সকাল ৮টা ১২ মিনিটে প্রয়াত হন
প্রয়াণে দু'দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা
অর্ধনমিত থাকবে। রবিবার সন্ধ্যায়
রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হবে তাঁর
অর্ধ দিবস ছুটি ঘোষণা করেছে
হয়েছিলো ১৯৪২ সালে মারাঠি গান
কমবেশি আমরা সবাই জানি। একে
ভাষায় গেয়েছেন প্রায় ত্রিশ হাজারের
শ্রোতাদের কাছে তুমুল জনপ্রিয়তা
ইতিহাসে হয়ে উঠেছেন উজ্জ্বল এক

বাংলা ভাষাতেও লতা মঙ্গেশকরের রয়েছে বহু কালজয়ী গান। বিশেষত সলিল চৌধুরীর সুরে তার গানগুলো ভক্তদের হৃদয় ছুঁয়ে গেছে। মুম্বলধারায় বৃষ্টি নামলে কাঁপাকাঁপা কর্তে আমরা গেয়ে উঠি, "আষাঢ় শ্রাবণ মানে না তো মন..." এখনো আমাদের মনখারাপের রাতগুলোর সঙ্গী হয় লতা মঙ্গেশকরের গানগুলো। রাতের বিদঘুটে অন্ধকারে কানের হেডফোনে চলতে থাকে—'নিঝুম সন্ধ্যায়', 'কি লিখি তোমায়', 'প্রথম একবার এসেছিল নীরবে', 'আকাশ প্রদীপ জ্বলে', 'ওগো আর কিছু তো নাই', 'যারে উড়ে যারে পাখি', 'আজ মন চেয়েছে আমি হারিয়ে যাব', 'সাত ভাই চম্পা', 'ও মোর ময়না গো', 'আর যেন নেই কোনও ভাবনা' আরোও কতো গান। আজ চিরদিনের জন্য পৃথিবী থেকে বিদায় নিলেন সুরের এই জাদুকরী। আমাদের জীবনের এক বিশেষ অংশ ছিলেন লতা মঙ্গেশকর। তাঁর বিদায় আমাদের আরও বেশি করে টেনে আনবে তাঁর গানের কাছেই।

As a mark of respect to the departed icon of India, Bharat Ratna Lata Mangeshkar, the College shall remain closed today (07.02.2022) from 2 PM vide WB Govt. Order No. 415-F(P2) dt. 06.02.2022.


07.02.2022
Principal
MEMARI COLLEGE
Memari, Burdwan